

আন্তর্জাতিক নারী দিবস-২০২৪

"নারীর সম-অধিকার, সম-সুযোগ, এগিয়ে নিতে হোক বিনিয়োগ"

৮ মার্চ, আন্তর্জাতিক নারী দিবস। ১৮৫৭ সালের এই দিনে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের বস্ত্রকলের নারী শ্রমিকেরা সম-বেতন, কাজের নির্দিষ্ট সময় নির্ধারণ ও কর্মক্ষেত্রে সম-সুযোগের দাবিতে রাজপথে নেমে এসেছিল। সেদিন মালিকদের অমানবিক নির্যাতন স্মরণ করতে পারেনি তাদের প্রতিবাদী কণ্ঠকে। বরং নির্যাতিত নারীশ্রমিকদের সেই দুঃসাহসী প্রতিবাদই আজ হয়ে উঠেছে নারী আন্দোলনের প্রেরণার উৎস। পরবর্তী সময়ে নারীনেত্রী ক্লারা জেৎকিনের প্রস্ৰাব অনুসারে ১৯১০ সালে কোপেনহেগেনে অনুষ্ঠিত নারীদের দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

এরই ধারাবাহিকতায় ১৯৭৫ সাল থেকে জাতিসংঘের সদস্যভুক্ত রাষ্ট্রসমূহে নারীর প্রতি সমতা, সম-অংশীদারিত্ব ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে দিনটি 'আন্তর্জাতিক নারী দিবস' হিসেবে পালিত হয়ে আসছে। এ নারীর সম-অধিকার, সম-সুযোগ, এগিয়ে নিতে হোক বিনিয়োগ-এই প্রতিপাদ্যকে সামনে রেখে আমরা পালন করছি আন্তর্জাতিক নারী দিবস।

আমরা মনে করি, নারীর উন্নতি ছাড়া সমাজের উন্নতি সম্ভব নয়। নারীর, স্বাস্থ্য, শিবা, উপার্জনের সুযোগ, নিরাপত্তা নিশ্চিত করার মধ্য দিয়েই আমরা একটা সমৃদ্ধ জাতি গঠন করতে পারি। নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে নারীর প্রতি বিনিয়োগ বাড়াতে হবে। নারীকে অধিকহারে বিজ্ঞানভিত্তিক শিক্ষা, প্রশিক্ষণ, তথ্য ও বিজ্ঞান-প্রযুক্তির সঙ্গে সংযুক্ত করতে হবে। দূর করতে হবে নারীর প্রতি সব ধরনের বৈষম্য।